দৈনিক
ইত্তেফাক

তারিখ 20 JAN 2016
পৃষ্ঠা ৫ কলাম ২

# বগুড়া মেডিক্যাল কলেজে ছাত্রলীগের দুই গ্রুপে ধাওয়া-পাল্টা ধাওয়া

■ বগুড়া প্রতিনিধি

বগুড়া শহীদ জিয়াউর রহমান মেডিক্যাল কলেজে ছাত্রলীগের দুই গ্রুপের মধ্যে ধাওয়া, পাল্টা ধাওয়া ও ভাঙচুরের ঘটনা ঘটেছে। ছাত্রদলের সঙ্গে সম্পৃক্ততা রয়েছে এমন একজনকে ইন্টার্ন চিকিৎসক পরিষদের সভাপতি বানানোকে কেন্দ্র করে গতকাল মঙ্গলবার দুপুরে এ ঘটনা ঘটে।

জানা গেছে, গত সোমবার সন্ধ্যায় বগুড়া বিএমএ'র সভাপতি ও স্বাধীনতা চিকিৎসক পরিষদের সভাপতি ডা. মোস্তফা আলম নান্নু মেডিক্যাল কলেজের ইন্টার্ন চিকিৎসকদের নিয়ে বৈঠক করেন। ওই বৈঠকে তিনি ডা. ইবনে সিনা শুভকে ইন্টার্ন চিকিৎসক পরিষদের সভাপতি ঘোষণা দেন।

এতে ছাত্রলীগ কলেজ শাখার একাংশের নেতাকর্মীরা ক্ষুব্ধ হয়ে ওঠেন। তারা গতকাল বেলা ১১টার দিকে কলেজে বৈঠক করে মেডিক্যাল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি জাহিদ হাসান পলাশকে ইন্টার্ন চিকিৎসক পরিষদের সভাপতি ঘোষণা দিয়ে পাল্টা কমিটি করেন। এ নিয়ে দুই পক্ষের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। দুপুর ২টার দিকে ছাত্রলীগের দুই গ্রুপের নেতা-কর্মীরা হকিস্টিক নিয়ে ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। এ সময় বেশ কিছু চেয়ার ভাঙচুরের ঘটনা ঘটে। পরে পুলিশ ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।